

(2)

Ex./BANGLA/UG/5.1/32/2019

অথবা

৪. 'পুনশ্চ' কাব্যগ্রন্থের 'মানবপুত্র' কবিতাটির নামে 'মানব' শব্দটিকে কোন্ তাৎপর্যে তুমি পড়তে চাইবে? ১০

৫. 'জীবনস্মৃতি' আর 'ডাকঘর' একই বছরে গ্রন্থাকারে প্রকাশিত হচ্ছে। বই দুটির অন্তর্নিহিত তাৎপর্যে তুমি কি কোনো সংযোগ দেখতে পাও? তোমার নিজস্ব অভিমত জানা। ১০

অথবা

৬. 'ডাকঘর' নাটকে ঘর এবং পথের যে সম্পর্ক রচিত হয়, তাকে তুমি কীভাবে পড়বে? ১০

৭. 'বাল্মীকি প্রতিভা' নাট্যে রবীন্দ্রনাথের সারাজীবনের নাট্যদর্শনের উন্মেষ ঘটেছে – মন্তব্যটি আলোচনা করো। ১০

অথবা

৮. 'বাল্মীকি প্রতিভা' রবীন্দ্রনাথের গীতিপ্রতিভার একটি চূড়ান্ত পরীক্ষণ, আধুনিক পরিভাষায় 'fusion' যাকে বলে, তারই পরিস্ফুটন। আলোচনা করো। ১০

— X —

কলাস্নাতক অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৯

(তৃতীয় বর্ষ, পঞ্চম সেমেস্টার)

বিভাগ সাম্মানিক বাংলা

রবীন্দ্রসাহিত্য, পর্ব - ১

কোর্স ইউ. জি. - ৫.১

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. অহল্যা-আখ্যানের পৌরাণিক ঝাঁকটিকে রবীন্দ্রনাথ একেবারে উলটে দিয়েছেন তাঁর 'অহল্যার প্রতি' কবিতায়। কবিতাটি আলোচনা করে দেখাও কোথায় গিয়ে পড়েছে তাঁর মনোযোগ। ১০

অথবা

২. 'সোনার তরী' কবিতার এই দুই পঙ্ক্তির নিম্নরেখ শব্দগুলির জন্য সংক্ষিপ্ত টীকা লেখো। ৫+৫=১০

ক. ভরা নদী ক্ষুরধারা খরপরশা

খ. ঢেউগুলি নিরুপায় ভাঙে দুধারে

৩. রবীন্দ্রনাথ যাঁকে 'ওগো আমার প্রভু' বলে সম্বোধন করেন তাঁরই উদ্দেশ্যে বলেন আমায় দেখবে বলে তোমার অসীম কৌতূহল। এই 'আমি'-'তুমি'র সম্পর্ককে তুমি কীভাবে দেখো, নিজের ভাষায় বুঝিয়ে লেখো। ১০

(Turn over)